

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 10-01-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) কর বাবদ রাজ্যের প্রাপ্য বকেয়ার মধ্যে ১৩ হাজার কোটি টাকারও বেশি কেন্দ্র রাজ্যকে দিয়েছে।
- ২) রাজ্য সরকার সমবায় ব্যাঙ্কগুলিতে স্বচ্ছতা আনার লক্ষ্যে সন্দেহজনক অ্যাকাউন্ট চিহ্নিতকরণ সহ একাধিক পদক্ষেপ নিয়েছে।
- ৩) জেলাশাসক সুমিত গুপ্তা আজ গঙ্গাসাগরমেলার আনুষ্ঠানিক সূচনা করেছেন।
- ৪) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে মেয়াদ উত্তীর্ণ সেলাইন দেওয়ায় প্রসূতির মৃত্যুর অভিযোগ খতিয়ে দেখতে হাসপাতাল কর্তৃপক্ষ ৭ সদস্যের মেডিকেল বোর্ড গঠন করেছে।
- ৫) কোচবিহারের মেখলিগঞ্জ তিনবিঘা-দহগ্রাম-ওঙ্গারপোতা সীমান্তে কাঁটাতারের বেড়া লাগানো নিয়ে উত্তেজনা।
- ৬) মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল আগামীকাল গুয়াহাটিতে আইএসএল ফুটবলের ফিরতি ডার্বি ম্যাচে মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০

কর বাবদ রাজ্যের যা বকেয়া রয়েছে, তার মধ্যে ১৩ হাজার কোটি টাকারও বেশি কেন্দ্র আজ রাজ্যকে মিটিয়ে দিয়েছে। মোট ১ লক্ষ ৭৩ হাজার ৩০ কোটি টাকা রাজ্যগুলিকে কর হস্তান্তর করা হয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ হয়েছে ১৩ হাজার ১৭ কোটি টাকা। এই অর্থ রাজ্যের পরিকাঠামোগত উন্নয়নে খরচ করা হবে বলে নবান্ন সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, সমবায় ব্যাঙ্কগুলিতে স্বচ্ছতা আনা এবং কালো টাকা উদ্ধার করতে একাধিক পদক্ষেপ গ্রহণ করছে। সন্দেহজনক অ্যাকাউন্ট চিহ্নিতকরণ থেকে শুরু করে কেওয়াইসি বাধ্যতামূলক করা হচ্ছে। পাশাপাশি প্রতিটি সমবায় ব্যাঙ্ক থেকেই সন্দেহজনক অ্যাকাউন্টএর তথ্য চেয়ে পাঠানো হয়েছে।

রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার এক বৈঠকে জানিয়েছেন, ১৫ জানুয়ারির মধ্যে সমস্ত তথ্য জমা দিতে হবে। এর মধ্যে থাকছে বড় অঙ্কের লেনদেন, দীর্ঘদিন ধরে নিষ্ক্রিয় থাকা অ্যাকাউন্ট, এবং কেওয়াইসি সংক্রান্ত সমস্ত তথ্যই অন্তর্ভুক্ত থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ক্ষুদ্র, মাঝারি এবং অতি ক্ষুদ্র শিল্পে দক্ষিণবঙ্গের দুই জেলা বাঁকুড়া ও পুরুলিয়া থেকে দুই হাজার ১০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। এর ফলে প্রায় ৪৫ হাজার মানুষের কর্মসংস্থান হবে।

আজ বাঁকুড়ার রবীন্দ্রভবনে আজ সিনারজি কনক্লেভ এ জেলার প্রায় ছয়শো জন শিল্পদ্যোগী অংশ নেন। সেখানেই তারা এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে।

এই জেলায় শিল্পের উন্নয়নে গত এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগীকে দুই হাজার নব্বই কোটি টাকা ব্যাংক ঋণ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার গত ছয় বছরে ১ কোটি ১২ লক্ষ কৃষককে বাংলা শস্য বীমা প্রকল্পে ৩ হাজার ৫৬২ কোটি টাকা ক্ষতিপূরণ দিয়েছে। চলতি খরিফ মরসুমে নয় লক্ষ ক্ষতিগ্রস্ত কৃষককে সরাসরি তাদের ব্যাংক একাউন্টের মাধ্যমে আরো সাড়ে ৩০০ কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়ার কাজ শুরু হয়েছে বলে কৃষি দপ্তরের এক বিবৃতিতে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে প্রাথমিক ও উচ্চ প্রাথমিক স্তরে স্কুল ছুটের সংখ্যা শূন্য বলে কেন্দ্র জানিয়েছে। দেশের সব রাজ্যের উপরে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক সম্প্রতি যে সমীক্ষা চালায়, সেই রিপোর্টে জানা গেছে অষ্টম শ্রেণী পর্যন্ত পড়ুয়াদের মধ্যে স্কুল ছুট নেই। তবে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে ১৭ শতাংশ স্কুলছুট রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশের আজ কিছু রদবদল ঘটানো হয়েছে। রাজ নারায়ণ মুখার্জীকে বীরভূমের পুলিশ সুপার পদ থেকে সরিয়ে এস পি ট্রাফিকের পদে পাঠানো হয়েছে।

আমনদ্বীপকে পূর্ব বর্ধমানের পুলিশ সুপারের পদ থেকে সরিয়ে বীরভূমের নতুন পুলিশ সুপার করা হয়েছে।

সায়ক দাস পূর্ব বর্ধমানের নতুন পুলিশ সুপার হয়েছেন। তিনি সিআইডি-র স্পেশাল সুপারিনটেন্ডেন্ট পদে ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯ শে জানুয়ারী আকাশবাণীতে 'মন কি বাত'- অনুষ্ঠানে দেশ এবং বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মন কি বাতের ১১৮-তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজএয়ার মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে। আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গঙ্গাসাগরমেলার আজ আনুষ্ঠানিক সূচনা হয়েছে। জেলাশাসক সুমিত গুপ্তা বিকেলে সাগরদ্বীপে পরিবেশ বান্ধব এই মেলার উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এর আগেই বাবুঘাট থেকে মেলার ভার্চুয়ালি উদ্বোধন করেন।

এই উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলাশাসক বলেন, প্রশাসন এবার প্লাস্টিক মুক্ত পরিবেশ বান্ধব মেলা গড়তে বদ্ধ পরিকর।

(বাইট – সুমিত গুপ্তা)

সমুদ্রতট পরিষ্কার, পরিচ্ছন্ন রাখার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। মেলায় নিরাপত্তা রক্ষায় জল-স্থল ও আকাশপথে চলবে নজরদারি। সিসিটিভি ও দ্রোণেরও ব্যবস্থা থাকছে। খোলা হয়েছে মেগা কন্ট্রোল রুম।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিম হাজরা, সুন্দরবন পুলিশ জেলার সুপার কোর্টেশ্বর রাও, গঙ্গাসাগর- বকখালি উন্নয়ন পর্ষদদের চেয়ারম্যান শ্রীমন্ত মালি প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০

২৬ শে জানুয়ারি দিল্লির কর্তব্যপথে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ পেয়েছেন পশ্চিম মেদিনীপুরের ডেবরার এক দম্পতি। তাপস কুমার জানা ও তাঁর স্ত্রী গৌরী রানী জানা এই আমন্ত্রণ পেয়ে অত্যন্ত আনন্দিত। ভীষণভাবে অভিভূত এই দম্পতি কেন্দ্রীয় সরকারের প্রতি জানিয়েছেন তাদের আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা।

(বাইট)

উল্লেখ্য, ২০১৬ সালে তাপস কুমার জানা এবং ২০১৮ সালে তাঁর স্ত্রী গৌরী রানী জানা মাদুর কাঠির সৌখিন বয়নে বিশেষ কৃতিত্বের পরিচয় দেন। কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রক থেকে তাদের জাতীয় পুরস্কারে সম্মানিত করা হয়। জেলার সবং-এর বিখ্যাত মাদুরকাঠি দিয়ে বিভিন্ন সামগ্রী তৈরি করে তাঁরা সারা বিশ্বে ভারতের নাম উজ্জ্বল করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে মেয়াদ উত্তীর্ণ সেলাইন দেওয়ায় প্রসূতির মৃত্যুর অভিযোগ খতিয়ে দেখতে হাসপাতাল কর্তৃপক্ষ ৭ সদস্যের মেডিকেল বোর্ড গঠন করেছে।

হাসপাতালে চিকিৎসাধীন প্রসূতিদের মেয়াদ উত্তীর্ণ সেলাইন দেওয়ায় আজ ভোরে মামনি রুইদাস নামে ওই প্রসূতির মৃত্যু হয় বলে অভিযোগ। আরও অন্তত ৭ জন গুরুতর অসুস্থ হয়ে পড়েন। এখবর ছড়িয়ে পড়তেই রোগীর পরিবারের লোকেরা চিকিৎসায় গাফিলতির অভিযোগে হাসপাতালে বিক্ষোভ দেখাতে শুরু করেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, বুধবার রাতে ওই হাসপাতালে সিজার হওয়া একাধিক প্রসূতি গুরুতর অসুস্থ হতে শুরু করেন। পরিস্থিতির অবনতি হওয়ায় তাদের স্থানান্তরিত করা হয় আই সি ইউ-তে। ভেন্টিলেশনেও দেওয়া হয় তিনজনকে। এদের মধ্যে গড়বেতা থানা এলাকার বাসিন্দা মামনির আজ সকালে মৃত্যু হয়।

এদিকে, ডাক্তারদের সংগঠন সার্ভিস ডক্টর্স ফোরাম এই প্রসূতি মৃত্যুর ঘটনার নির্দা করেছে। ফোরামের সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস, দাবি করেছেন, প্রশাসন ও সরকারের যোগসাজসেই এই ধরনের ঘটনা।

০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের নবগ্রামে আদিবাসী এক শিশু কন্যাকে যৌন নির্যাতনের অভিযোগে ধৃত প্রতিবেশী প্রৌঢ়কে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে। মোহন হাঁসদা নামে ওই ব্যক্তিকে আজ আদালতে তোলা হলে বিচারক এই নির্দেশ দেন।

অন্যদিকে, নির্যাতিতা মেয়েটির অবস্থা স্থিতিশীল হওয়ায় পরিবারের লোকেরা তাকে লালবাগ মহকুমা হাসপাতাল থেকে বাড়ি নিয়ে গেছে।

উল্লেখ্য, গতকাল মেয়েটি শৌচালয়ে যাওয়ার পথে মোহন হাঁসদা তাঁকে পাশের ক্ষেতে নিয়ে গিয়ে নির্যাতন চালায় বলে অভিযোগ। চিৎকারে সবাই ছুটে এলে সেখান থেকে সবাই পালিয়ে যায়। অসুস্থ অবস্থায় মেয়েটিকে প্রথমে ব্লক স্বাস্থ্য কেন্দ্রে পাঠানো হয়। শারীরিক অবস্থার অবনতি হওয়ায় পরে তাকে লালবাগ হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

এদিকে, নবগ্রামে, বাড়ির কাছে ক্ষেতের মধ্য থেকে আজ সকালে এক আদিবাসী মহিলার ক্ষতবিক্ষত মৃতদেহ উদ্ধার হলে চাঞ্চল্য ছড়ায়। মৃত্যুর বাড়ি চয়ননগর গ্রামে। কেরালা ও মধ্য প্রাচ্যে পরিয়ায়ী শ্রমিক হিসেবে কাজ করার পর কিছুদিন আগেই তিনি

বাড়ি ফেরেন। পুলিশ দেহটি ময়না তদন্তে পঠিয়েছে। কারা এই ঘটনার সঙ্গে যুক্ত পুলিশ তা খতিয়ে দেখছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের মেখলিগঞ্জ তিনবিঘা-দহগ্রাম-ওঙ্গারপোতা সীমান্তে কাঁটাতারের বেড়া লাগানোকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়িয়েছে। গ্রামবাসীদের দাবি ওই সীমান্ত এলাকায় এতোদিন কোন বেড়া ছিল না। তাই খোলা সীমানা দিয়ে অবাধে চলে মানব ও গরু পাচার। তাই সুরক্ষার জন্য তারা এই কাঁটা তারের বেড়া লাগানোর ব্যবস্থা করেন। বাংলাদেশ বর্ডার গার্ড বিজিবি এবং সেদেশের নাগরিকরা এই কাঁটা তারের বেড়া লাগানোর কাজে প্রথমে বাধা দেয়। পরে সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর উপস্থিতিতে এই বেড়া লাগানোর কাজ চলে বলে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

জাল নথিপত্রের সাহায্যে ভারতীয় পাসপোর্ট তৈরি করে ভিন দেশে যাওয়ার পরিকল্পনা করার দায়ে তিন বাংলাদেশী যুবককে বনগাঁ থানার পুলিশ গ্রেফতার করেছে। বনগাঁ – বাগদা সড়কে কলম বাগান বাজার এলাকা থেকে গতকাল গভীর রাতে এদের গ্রেফতার করা হয়। ধৃত সোহাগ মিয়া, হাসান মিয়া ও ইয়াসিন সরকারকে আজ আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। এদের বাড়ি বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া, নড়াইল ও গাজিপুর জেলায়। দুই দালালের সাহায্যে তারা এদেশে আসে। তাদের খোঁজেও পুলিশ তল্লাশি চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

জাল সার্টিফিকেট তৈরির জন্য বারাসাত থানার পুলিশ আরও একজনকে গ্রেফতার করেছে। দিবাকর বিশ্বাস নামে ওই ব্যক্তি অশোকনগরের বাসিন্দা। রহড়া

থানা এলাকা থেকে গতকাল তাকে ধরা হয়। আজ তাকে বারাসাত আদালতে তোলা হলে পাঁচদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

পুলিশ জানিয়েছে, এর আগে একই অভিযোগে ধৃত সমীর দাস ও তার সঙ্গীদের জিজ্ঞাসাবাদ করে দিবাকরের খোঁজ মেলে। জাল জন্ম সার্টিফিকেট, ভোটার ও আধার কার্ড তৈরি করে বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট তৈরি করার যে চক্রটি কাজ করতো, তার মধ্যে দিবাকরের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ।

০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল আগামীকাল আইএসএল ফুটবলের ফিরতি ডার্বি ম্যাচে মুখোমুখি হবে। গুয়াহাটির ইন্দিরা গান্ধী এথলেটিক্স স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মোহনবাগান ১৪ ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে লিগটেবিলের শীর্ষে রয়েছে। অন্যদিকে, একাদশ স্থানে থাকা ইস্টবেঙ্গলের সমসংখ্যক ম্যাচে সংগৃহীত পয়েন্ট ১৪।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০